**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন**
**৩৭/৩/এ ইস্কাটন গার্ডেন রোড,**
**রমনা, ঢাকা-১০০০।**

# *চূড়ান্ত আদেশের সার-সংক্ষেপ*

***স্ব-প্রণোদিত মামলা নং- ৩৯/২০২২***

**মামলার বিষয় :** **পারস্পারিক যোগসাজশের মাধ্যমে অস্বাভাবিকভাবে ডিমের মূল্য বৃদ্ধি।**

**মামলার ধারা :** **প্রতিযোগিতা আইন, ২০১২ (২০১২ সনের ২৩ নং আইন) এর ধারা ১৫ এর উপ-ধারা (২) এর দফা (ক) এর উপ-দফা (অ) এবং দফা (খ) এর লঙ্ঘন।**

চূড়ান্ত আদেশ প্রদানের তারিখ: ২২/০১/২০২৪

প্রতিপক্ষ : ব্যবস্থাপনা পরিচালক
ডায়মন্ড এগ লিমিটেড
হাউজ-৪২৯, রোড-৭, বারিধারা DOHS, ঢাকা-১২০৬।

উপস্থিতঃ
প্রতিপক্ষের পক্ষে বিজ্ঞ আইনজীবী

(১) জনাব বিশ্বজিৎ দেব;
(২) জনাব গাজী মোঃ মাহবুব আলম;
(৩) জনাব এস.এম. শিহাব উদ্দীন;
(৪) এ বি এস হামিদুল মিসবাহ্।

কমিশন :
(১) জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী, চেয়ারপার্সন, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন;
(২) জনাব সালমা আখতার জাহান, সদস্য, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন;
(৩) জনাব সওদাগর মুস্তাফিজুর রহমান, সদস্য, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন;
(৪) জনাব মোঃ হাফিজুর রহমান, সদস্য, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন।

Bangladesh Competition Commission

## অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ

কমিশন স্ব-প্রণোদিত হয়ে প্রতিযোগিতা আইন, ২০১২ (২০১২ সনের ২৩ নং আইন) এর ধারা ১৫ এর উপ-ধারা (২) এর দফা (ক) এর উপ-দফা (অ) এবং দফা (খ) এর আওতায় এ মামলাটি আনয়ন করে। এ মামলায় আনীত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণী এই যে, ০৫/০৮/২০২২ হতে ৩১/০৮/২০২২ সময়কালে (অত্র মামলার অপরাধের সময়কাল মর্মে উল্লিখিত) জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের প্রতিবেদন এবং ২০ আগস্ট ২০২২ তারিখে অনলাইন ভিত্তিক পত্রিকা 'বার্তা বাজার' এ "১৫ দিনে ডিম ও মুরগির বাজার থেকে ৫১৮ কোটি টাকা লুট" শিরোনামে প্রকাশিত প্রতিবেদন এবং এছাড়াও বিভিন্ন পত্র-পত্রিকা ও প্রিন্ট মিডিয়ায় প্রকাশিত খবরা-খবর সম্পর্কে জ্ঞাত হয়ে কমিশনের ৯ম সভায় উক্ত বিষয়ে অনুসন্ধান পরিচালনার সিদ্ধান্ত হয়। অনুসন্ধান প্রতিবেদনে ডায়মন্ড এগ লিমিটেডসহ মোট ০৬ (ছয়) টি প্রতিষ্ঠানের বিরুদ্ধে বাজারে ডিমের বিক্রয়মূল্য অস্বাভাবিকভাবে নির্ধারণ এবং বাজারে ডিমের সরবরাহ সীমিত বা নিয়ন্ত্রণ করে প্রতিযোগিতা আইন, ২০১২ এর ধারা ১৫ এর উপ-ধারা (২) এর দফা (ক) এর উপ-দফা (অ) এর দফা (খ) এর অপরাধ প্রাথমিকভাবে প্রতীয়মান হয়। অনুসন্ধান প্রতিবেদনের বিষয়ে কমিশনের ১০ম সভায় ডায়মন্ড এগ লিমিটেডসহ মোট ০৬ টি প্রতিষ্ঠানের বিরুদ্ধে প্রতিযোগিতা আইন, ২০১২ এর অধীনে মামলা রুজু করার সিদ্ধান্ত গৃহিত হয়। প্রতিপক্ষ প্রতিষ্ঠান কমিশনের শুনানিতে অংশগ্রহণ করে এবং শুনানিঅন্তে অভিযোগের বিষয়ে তদন্তের জন্য ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত দল গঠন করা হয়।

তদন্ত দল নির্ধারিত সময়ে তদন্ত প্রতিবেদন দাখিল করার পর তদন্ত প্রতিবেদনের উপর প্রতিপক্ষের বিজ্ঞ আইনজীবীর বক্তব্য শোনা হয় এবং প্রতিপক্ষের বিজ্ঞ আইনজীবী তার যুক্তিতর্কের সমর্থনে লিখিত বক্তব্যও উপস্থাপন করেন। তদন্ত প্রতিবেদন ও বিজ্ঞ আইনজীবীর লিখিত ও মৌখিক যুক্তিতর্কের ভিত্তিতে কমিশন নিম্নবর্ণিত আদেশ প্রদান করে।

## আদেশ

অভিযুক্ত প্রতিষ্ঠান ডায়মন্ড এগ লিমিটেড সমধর্মীয় অন্যান্য প্রতিষ্ঠানের সাথে সম্পৃক্ত হয়ে পরোক্ষভাবে ০৫/০৮/২০২২ হতে ৩১/০৮/২০২২ সময়কালে তাদের উৎপাদিত ডিমের বিক্রয়মূল্য অস্বাভাবিকভাবে বৃদ্ধি করেছে এবং একই প্রক্রিয়ায় তাদের উৎপাদিত ডিমের সরবরাহ এবং বাজার ব্যবস্থাকে নিয়ন্ত্রণ করেছে যা প্রতিযোগিতা আইন, ২০১২ (২০১২ সনের ২৩ নং আইন) এর ধারা ১৫ এর উপ-ধারা (২) এর দফা (ক) এর উপ-দফা (অ) এবং দফা (খ) এর লঙ্ঘন প্রমাণিত হওয়ায় একটি শাস্তিযোগ্য অপরাধ।

অভিযুক্ত প্রতিষ্ঠান এর বিরুদ্ধে প্রতিযোগিতা কমিশনে এটিই প্রথম মামলা। তাই সকল বিষয় বিবেচনায় নিয়ে ডায়মন্ড এগ লিমিটেড, হাউজ-৪২৯, রোড-৭, বারিধারা **DOHS**, ঢাকা-১২০৬ কে প্রতিযোগিতা আইন, ২০১২ এর ধারা ২০ এর উপ-ধারা (ক) এর দফা (আ) মোতাবেক নিম্নবর্ণিত নির্দেশনাসহ অপরাধ সংঘটনের পূর্ববর্তী তিন অর্থবছরের গড় টার্নওভারের ভিত্তিতে ২,৫০,০০,০০০ (দুই কোটি পঞ্চাশ লক্ষ) টাকা প্রশাসনিক অর্থদন্ডে দন্ডিত করা হলো।

নির্দেশনাসমূহঃ

"১। রায় ঘোষণার পরবর্তী ৩০ দিনের মধ্যে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সংশ্লিষ্ট খাতে জমা প্রদান করতে হবে। অন্যথায় প্রতিযোগিতা আইন, ২০১২ এর ধারা ২০ (গ) মোতাবেক দৈনিক ০১ (এক) লক্ষ টাকা হিসাবে জরিমানা যোগ হবে।"

| স্বাক্ষরিত/- | স্বাক্ষরিত/- | স্বাক্ষরিত/- | স্বাক্ষরিত/- |
|---|---|---|---|
| ২২/০১/২০২৪ | ২২/০১/২০২৪ | ২২/০১/২০২৪ | ২২/০১/২০২৪ |
| মোঃ হাফিজুর রহমান | সওদাগর মুস্তাফিজুর রহমান | সালমা আখতার জাহান | প্রদীপ রঞ্জন চক্রবর্তী |
| সদস্য | সদস্য | সদস্য | চেয়ারপার্সন |

স্বপ্রণোদিত মামলা নং- ৩৯/২০২২

সাখাওয়াত মেহজাবীন
উপপরিচালক (সিনিয়র সহকারী সচিব)
পরিচিতি নং-১৬৯২৮
সচিব (ভারপ্রাপ্ত)
বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন